

বাংলা গানের কিংবদন্তী আজাদ রহমানকে নিয়ে একুশে একাডেমীর কর্মশালা



গত ৪ সেপ্টেম্বর ২০১১, রবিবার বিকাল ৫ টায় ক্যাম্পসী এম, আর, সি সেন্টারে সুরস্রষ্টা উস্তাদ আজাদ রহমানকে নিয়ে একুশে একাডেমী অস্ট্রেলিয়া কর্মশালার আয়োজন করে। একুশে একাডেমীর নিজস্ব শিল্পীদের নিয়ে এ ঘরোয়া মজলিসের আয়োজন করা হয়। অনুষ্ঠান পরিচালনা করেন আল নোমান শামীম এবং রাজন নন্দী। বাংলা গানের কিংবদন্তী এ ব্যক্তিত্বকে নিয়ে আয়োজিত

অন্তরঙ্গ এ কর্মশালায় আলোচনায় অংশ নেন অজয় দাসগুপ্ত, কাইউম পারভেজ, নেহাল নেয়ামুল বারী, লরেন্স ব্যারেল প্রমুখ। সুরের মুর্ছনায় একাডেমীর শিল্পীরা দীক্ষা নেন উপমহাদেশের এ অন্যতম সুরস্রষ্টার কাছ থেকে। বাংলার শ্যামলীয়া খেয়ালী গানের উপর বিশ্লেষণধর্মী আলোচনায় উস্তাদ আজাদ রহমান তুলে আনেন আদি বাংলাকে এবং এতে সমৃদ্ধ হন উপস্থিত জন। কর্মশালা শেষে অতিথির হাতে ক্রেস্ট তুলে দেন একুশে একাডেমীর প্রতিষ্ঠাতা সভাপতি নেহাল নেয়ামুল বারী, প্রাক্তন সভাপতি মফিজুল হক, সাধারণ সম্পাদক আল নোমান শামীম ও সভাপতি অভিজিৎ বড়ুয়া।